

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮০৬

আগরতলা, ১৯ জুলাই, ২০২৪

ঐতিহ্যবাহী খার্চি উৎসব  
ষষ্ঠ দিনের সাংস্কৃতিক অনুষ্ঠান

ঐতিহ্যবাহী খার্চি উৎসব ও প্রদর্শনীর আজ ছিল ষষ্ঠ দিন। আলাপন সাংস্কৃতিক সংস্থার শিল্পীদের সমবেত ভক্তি সংগীত ও সৃজনী ডান্স একাডেমীর সমবেত লোকনৃত্যের মধ্য দিয়ে কৃষ্ণমালা মঞ্চের আজকের সকালের সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। এর পর ধলাই জেলা থেকে আগত শিল্পীগণ এবং স্থানীয় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিচিত্রানুষ্ঠান পরিবেশন করেন। দিলীপ গোস্বামী ও তার দল কবিগান, রেখা দেব ও তার দল মনসামঙ্গল পাঠ করেন। শান্তিরবাজার থেকে আগত সাংগ্রাই ডান্স একাডেমীর শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। খার্চি উৎসব মানেই সুরে ও ছন্দে মিশ্র সংস্কৃতির বিকাশ ও মিলন উৎসব।

সন্ধ্যায় কৃষ্ণমালা মঞ্চের রাজ্যের ১৯টি সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সমবেত বাদ্যযন্ত্র বাদন, সমবেত সংগীত, সমবেত নৃত্য পরিবেশন করেন। ৮ জন জনজাতি লোকশিল্পী একক জনজাতি লোকসংগীত পরিবেশন করেন। অন্যদিকে বিকালে হাবেলী মুক্তমঞ্চের আয়োজিত শিশু উৎসবেও আজ ৮টি শিশু সাংস্কৃতিক সংস্থার শিশু শিল্পীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। অর্কদ্যুতি আবৃত্তি শিখন কেন্দ্রের শিল্পীরা আবৃত্তি পরিবেশন করে। ৮ জন শিশু সংগীত শিল্পী একক সংগীত পরিবেশন করে। খার্চিতে আগত পূর্ণাঙ্গীরা উৎসাহের সাথে এই সমস্ত অনুষ্ঠান উপভোগ করেন। গতকাল খার্চি উৎসবের পঞ্চমদিনে রাতে কৃষ্ণমালা মঞ্চের পশ্চিমবঙ্গের নদীয়া জেলা থেকে আগত বিশ্ববিখ্যাত বাউল শিল্পী শ্যাম ক্ষ্যাপা ও তাপসী বাউলের মনোজ্ঞ বাউল সংগীত পরিবেশন করেন।

\*\*\*\*\*